# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ

## বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : একাদশ **বিষয় কোড : ২৬৭**

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (সৃজনশীল)**

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান : ৫০

১. ভাষা আন্দোলনের সংগ্রামকে ধারণ করে প্রতিবছর ফেব্রুয়ারি মাসে বাংলা একাডেমিতে বইমেলা অনুষ্ঠিত হয়। বই প্রকাশনা ও বিক্রয় ছাড়াও আলোচনা সভা, কবিতা পাঠ, সেমিনার এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে। একুশে ফেব্রুয়ারি সারা বিশ্বে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়ে থাকে।

ক. জাজিরাতুল আরব অর্থ কী? ১

খ. উটকে মরুভূমির জাহাজ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের সাথে প্রাচীন আরবের কোন মেলার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উক্ত মেলা প্রাচীন আরবের সাংস্কৃতিক মিলনমেলা"– বিশ্লেষণ কর। ৪

২. মুক্তিযুদ্ধের সময় রফিকদের গ্রামে মুক্তিযোদ্ধারা গ্রামে প্রবেশের রাস্তা কেটে দিয়েছিল, যাতে পাকিস্তানি আর্মি সহজে প্রবেশ করতে না পারে, রাস্তা কাটা থাকায় পাক আর্মি গাড়ি ছাড়া পায়ে হেঁটে গ্রামে প্রবেশ করার সাহস পায়নি। মুক্তিযোদ্ধাদের এ রণকৌশলের কারণে রাশেদদের গ্রাম ছিল নিরাপদ ও মুক্তিযোদ্ধাদের ঘাঁটি।

ক. হিজরত অর্থ কী? ১

খ. হিজরত ও দেশত্যাগের মধ্যে পার্থক্য কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের অনুরূপ রণকৌশল মহানবি (সাঃ) কোন যুদ্ধে প্রয়োগ করেছিলেন? বর্ণনা কর। ৩

ঘ. মহানবি (সাঃ) এর উক্ত রণকৌশলটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩. জনাব জাফর আলমপুর উপজেলার চেয়ারম্যান। প্রজা সাধারণের অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য তিনি ছদ্মবেশে গ্রাম ভ্রমণ করতেন। তিনি পাঁচ ওয়াক্ত নামাজ ছাড়াও প্রতি রাতে একশত রাকাত নফল নামাজ আদায় করতেন। জনসাধারণের উন্নতি এবং স্বার্থ সংরক্ষণে জেলার কোন চেয়ারম্যানই তার মতো যত্নবান ছিলেন না।

ক. আব্বাসীয় বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কাকে বলা হয়? ১

খ. আব্বাসি খলিফা আবুল আব্বাসকে কেন আস-সাফফাহ বলা হয়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত জাফরের সাথে কোন আব্বাসি খলিফার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত চারিত্রিক গুণাবলির কারণেই কি উক্ত খলিফাকে ইতিহাসে বিখ্যাত বলা হয়। তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪. পিতামহের মৃত্যুর পর জামালউদ্দিন ১২ বছর বয়সে সিংহাসনে আরোহন করে রাজ্যের সেচ প্রকল্প ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধন করে। যার ফলে সাম্রাজ্যের কৃষি, ব্যবসা-বাণিজ্য ও শিল্পে যথেষ্ট উন্নতি লাভ করে। তার সময়ে কমপক্ষে ১০০০ জাহাজ এবং শুধু রাজধানীতেই ১৩,০০০ তাঁতশিল্প ছিল। তিনি বিভিন্ন দেশের সৈন্যদের সমন্বয়ে একটি বিশাল ও শক্তিশালী সৈন্য বাহিনী গড়ে তোলেন। এই বাহিনী স্লাভ বাহিনী নামে পরিচিত ছিল।

ক. স্পেন বিজয়ী মুসলিম সেনাপতির নাম কী? ১

খ. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে স্পেনে উমাইয়া যুগের কোন খলিফার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কৃষি ও শিল্পের উন্নতিতে উক্ত খলিফার কৃতিত্ব মূল্যায়ন করো। ৪

৫. খলিফা মিজানুর রহমান সুদীর্ঘ তেইশ বছর শাসন ক্ষমতায় অধিষ্ঠিত থেকে বিজ্ঞান, দর্শন ও শিল্পের যথেষ্ট উন্নতি সাধন করেন। তিনি সুশাসনের জন্য সাম্রাজ্যকে কয়েকটি প্রদেশে এবং প্রদেশকে কয়েকটি জেলায় বিভক্ত করেন। তিনি ধীশক্তি সম্পন্ন ব্যক্তি ছিলেন। তাকে তার রাজবংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।

ক. কত খ্রিস্টাব্দে ফাতেমি খিলাফত প্রতিষ্ঠিত হয়? ১

খ. দারুল হিকমা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ফাতেমি বংশের কোন খলিফার বৈশিষ্ট্যাবলি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বৈশিষ্ট্য উক্ত খলিফার চারিত্রিক বৈশিষ্ট্য আংশিক ফুটে উঠেছে– তোমার উত্তরের পক্ষে মতামত দাও। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ

## বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : একাদশ **বিষয় কোড : ১৭৯**

**বিষয় : জীববিদ্যা ২য় পত্র (সৃজনশীল)**

**(প্রাণিবিদ্যা)**

সময় : ১ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান : ৫০

১. পাকস্থলী ও অন্ত্রের মিউকোসা স্তর থেকে ক্ষরিত এক ধরনের প্রোটিনধর্মী পদার্থ সরাসরি পরিপাকে সাহায্যকারী অন্য আরেকটি প্রোটিনধর্মী পদার্থ ক্ষারনে সাহায্য করে।

ক. খাদ্যসার কি? ১

খ. এন্টেরিক স্নায়ুতন্ত্রকে বিজ্ঞানীগণ মানুষের দ্বিতীয় মস্তিষ্ক নাম দিয়েছেন কেন? ২

গ. উদ্দিপকে উল্লেখিত ১ম অংশটিতে খাদ্য পরিপাক সম্পর্কে লিখ। ৩

ঘ. উদ্দিপকের আলোকে ১ম প্রোটিনধর্মী পদার্থটির ক্ষারনের কারণেই দ্বিতীয়টির ক্ষরণ ত্বরান্বিত হয়– বিশ্লেষণ কর। ৪

২. হৃৎপিন্ডের অলিন্দে বিদ্যমান এক ধরনের টিস্যু কাজ না করলে মানুষ ক্লান্তি ও শ্বাসকষ্ট অনুভব করে। দ্রুতই সার্জারীর মাধ্যমে এ সমস্যাটির সমাধান করতে হয়।

ক. কলামনি কর্নি কি? ১

খ. রক্তকণিকাগুলোকে কোষ না বলে কনিকা বলা হয় কেন? ২

গ. উদ্দিপক সংশ্লিষ্ট টিস্যু হৃৎপিন্ডে কি ভূমিকা রাখে? ৩

ঘ. উদ্দিপক সংশ্লিষ্ট সার্জারী কিভাবে করা হয়– ব্যাখ্যা কর। ৪

৩.

পরিবেশ $\underset{CO_2}{\overset{O_2}{\rightleftarrows}}$ [X] $\underset{CO_2}{\overset{O_2}{\rightleftarrows}}$ [Y] $\underset{CO_2}{\overset{O_2}{\rightleftarrows}}$ দেহকোষ

ক. এমফাইসেমা কি? ১

খ. অন্তঃশ্বসনের বলতে কী বুঝায়? ২

গ. উদ্দিপকের 'X' এর গঠন লিখ। ৩

ঘ. উদ্দিপকের প্রক্রিয়াটি 'X' ও 'Y' এর পারস্পরিক ভূমিকায় সংঘটিত হয়– ব্যাখ্যা কর। ৪

৪. মানুষের দেহে তীব্র ঝাঁঝালো গন্ধযুক্ত এক ধরনের বর্জ্য তৈরি হয় যা বিশেষ একটি অঙ্গের মাধ্যমে নিষ্কাশিত হয়। নিষ্কাশন প্রক্রিয়াটি প্রোটিনধর্মী এক ধরনের পদার্থ দ্বারা বিভিন্নভাবে নিয়ন্ত্রিত হতে পারে।


ক. মালফিজিয়ান কণিকা কি? ১

খ. গ্লোমেরুলার ফিলট্রেট বলতে কী বুঝায়? ২

গ. উদ্দিপক সংশ্লিষ্ট অঙ্গের গঠন লিখ। ৩

ঘ. উদ্দিপক সংশ্লিষ্ট অঙ্গটির কার্যক্রমে এক ধরনের প্রোটিনধর্মী পদার্থের বহুমাত্রিক আচরণ পরিলক্ষিত হয়– বিশ্লেষণ কর। ৪

৫.




ক. কন্ডরা কি? ১

খ. উপাঙ্গীয় কংকাল বলতে কী বুঝায়? ২

গ. 'Y'-এর গঠন বর্ণনা কর। ৩

ঘ. 'X' ও 'Y' এর মধ্যে কি ধরনের ভিন্নতা দেখা যায়? ব্যাখ্যা কর। ৪